# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৭১

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৪. যে লোক তার স্ত্রীর পশ্চাদ্দারে সঙ্গম করে

بَاب مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبُرِهَا

---

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا أَبُو هِلَالٍ عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الشَّقَرِيِّ عَنْ أَبِي الْقَعْقَاعِ الْجَرْمِيِّ قَالَ جَاءَ رَجُلٌ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ فَقَالَ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ آتِي امْرَأَتِي حَيْثُ شِئْتُ قَالَ نَعَمْ قَالَ وَمِنْ أَيْنَ شِئْتُ قَالَ نَعَمْ قَالَ وَكَيْفَ شِئْتُ قَالَ نَعَمْ فَقَالَ لَهُ رَجُلٌ يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ إِنَّ هَذَا يُرِيدُ السُّوءَ قَالَ لَا مَحَاشُّ النِّسَاءِ عَلَيْكُمْ حَرَامٌ سُئِلَ عَبْد اللَّهِ تَقُولُ بِهِ قَالَ نَعَمْ

বাংলা

১১৭১. আবী কা’কা’ আজ জারমী রাহি. থেকে বর্ণিত, এক ব্যক্তি আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট এসে বলল, হে আবূ আব্দুর রহমান! আমি কি আমার স্ত্রীর সাথে যেখান দিয়ে ইচ্ছা মিলিত হতে পারবো? তিনি বললেন: হাঁ। লোকটি তাকে জিজ্ঞেস করলো, আমি যে দিক দিয়ে যাওয়ার ইচ্ছা করি, (সেদিক দিয়েই)? তিনি বললেন, হাঁ।

লোকটি আবার বললো, আমি যেভাবে ইচ্ছা করি, (সেভাবেই)? তিনি বললেন: হাঁ। তখন তাকে এক লোক বললো, হে আবূ আব্দুর রহমান, এ লোক মন্দ কাজ করার ইচ্ছা করছে। তিনি বললেন, না, বরং মহিলাদের পশ্চাদ্দার তোমাদের জন্য হারাম।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, যদি আবী কা’কা’ ইবনু মাসউদ হতে শ্রবণ করে থাকেন।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৪/২৫২; তাহাবী, শারহু মা’আনিল আছার ৩/৪৬ অতি সংক্ষেপে যয়ীফ সনদে, উভয়েই মাওকুফ হিসেবে।

কিন্তু দাওলাবী, আল কুন্নী ২/৮৫ ইবনু মাসউদ হতে তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে....। এর রাবী বিসর মাজহুল। বুখারী তার সম্পর্কে বলেন: মুনকার (হাদীস বর্ণনায় অস্বীকৃত) এবং এ সনদ মাজহুল (অজ্ঞাত)।....

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন